

৬ সেপ্টেম্বর ২০১৫

নিয়োগ বিজ্ঞপ্তি

ক. কর্মসূচির জনবলের জন্য সংশোধিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তিঃ বঙ্গীয় শিল্পকলা চর্চার আন্তর্জাতিক কেন্দ্রের “বঙ্গীয় শিল্পকলা বিষয়ক রেফারেন্স গ্রন্থ প্রকাশ ও কেন্দ্রের গ্রন্থাগার এবং ভিজ্যুয়াল আর্কাইভের উন্নয়ন” শীর্ষক কর্মসূচির অধীনে নিম্নোক্ত পদে কর্মসূচির মেয়াদকালীন (জুন ২০১৭) পর্যন্ত নিম্নোক্ত প্রধান গ্রন্থ রচয়িতা/ প্রধান গবেষককে সহায়তাকারী নিম্নোক্ত জনবল নিয়োগ করা হবে।

ক্রমিক সংখ্যা	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সাকুল্যে সম্মানী	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স	দায়িত্ব
১.	সিনিয়র গবেষণা কর্মকর্তা	১ জন	৪০,০০০/-	প্রত্নতত্ত্ব, ইসলামের ইতিহাস, ও ইতিহাস বিষয়ে স্নাতকোত্তর। সংশ্লিষ্ট বিষয়ে ১০ বছরের কাজের অভিজ্ঞতা। বয়স কমপক্ষে ৪০ বছর।	তিনি প্রধান গ্রন্থপ্রণেতার সাথে সহযোগী গ্রন্থ রচয়িতা হিসাবে দায়িত্ব পালন করবেন; বইয়ের সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় মাঠকর্ম সম্পাদনা; প্রয়োজনীয় লাইব্রেরীকর্ম সম্পাদন করবেন; গবেষণা কর্মকর্তার কাজেও তদারকি করবেন।
২.	গবেষণা কর্মকর্তা	১ জন	২৫,০০০/-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রত্নতত্ত্ব, ইসলামের ইতিহাস, ইতিহাস বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। প্রত্নতত্ত্ব বিষয়ক গবেষণা কাজের অভিজ্ঞদের অগ্রাধিকার। বয়স ৩০-৪০ বছর	তিনি প্রধান গ্রন্থপ্রণেতার ও সহযোগী গ্রন্থ রচয়িতার সহযোগী হিসাবে দায়িত্ব পালন করবেন; বইয়ের সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় মাঠকর্ম সম্পাদনা; প্রয়োজনীয় লাইব্রেরী কর্মসম্পাদন করবেন; গ্রন্থ প্রণয়নকালে গ্রন্থের সাথে সংশ্লিষ্ট গবেষণা কর্মে নিয়োজিত থাকবেন; এ ছাড়াও গ্রন্থপঞ্জি তৈরী, তথ্য নির্দেশ পরীক্ষণ প্রভৃতি কাজ করবেন; টেকনিক্যাল জনবলের কাজের তদারকি করবেন।
৩.	কম্পিউটার অপারেটর	১ জন	১০,০০০/-	এইচ এস. সি. বা সমমান। সরকারী অনুমোদন প্রাপ্ত কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স সম্পন্ন এবং কর্মসূচিতে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বাংলায় গতি ৩০, ইংরেজিতে গতি ৪০। বয়স ১৮-৩৫ বছর।	কর্মসূচির সকল চিঠিপত্র টাইপের কাজে নিয়োজিত থাকবেন; চিঠি গুলোকে পরিকল্পিতভাবে ফোল্ডার আকারে সুখুঞ্জল ভাবে কম্পিউটারে সংরক্ষণ করবেন; প্রতিটি চিঠিতে নম্বর প্রদান নিশ্চিত করবেন; চিঠিগুলির ডেসপাচ নিশ্চিত করবেন; দ্রুততম সময়ের মধ্যে টাইপের কাজে নিয়োজিত থাকবেন। চিঠি ও অন্যান্য ডকুমেন্টগুলি নির্ধারিত ফাইলে সংরক্ষণ করবেন; এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশমত অন্যান্য দায়িত্ব পালন করবেন।


খ. রাজস্ব বাজেটের আওতায় নির্ধারিত সাকুল্যে বেতনে জনবল নিয়োগ বিজ্ঞপ্তিঃ

ক্রমিক সংখ্যা	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স	দায়িত্ব
১.	মাইক্রোবাস চালক	১	১৪,০০০	৮ম শ্রেণী পাস। বৈধ ড্রাইভিং লাইসেন্স; গাড়ী চালানোর ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	কেন্দ্রের কর্মীদের কর্মস্থলে যাতায়াতের জন্য ব্যবহৃত মাইক্রো চালানো; মাইক্রোবাসের পরিষ্কার পরিচ্ছন্নতাসহ সাধারণ রক্ষণাবেক্ষণ, গাড়ির লগবই সংরক্ষণ ইত্যাদি।
২.	এমএলএসএস	১	১০,০০০	৮ম শ্রেণী পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা অগ্রগন্য।	এমএলএসএস সংশ্লিষ্ট সকল কাজ।

আবেদন করার নিয়মাবলীঃ

১. আবেদনপত্রে পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ইত্যাদি উল্লেখ করতে হবে।
২. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ সরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক সত্যায়িত হতে হবে।
৩. অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি।
৪. সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট আকারের সত্যায়িত রঙ্গীন ছবি।
৫. জন্ম নিবন্ধন সনদপত্র/ জাতীয় পরিচয়পত্র/ নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

আগামী ১৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর ডাকযোগে অথবা অফিসে এসে আবেদনপত্র জমা দিতে হবে।
নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।



Prof. Dr. Enamul Haque
Chairman, ICSBA

প্রফেসর ড. এনামুল হক
চেয়ারম্যান
বঙ্গীয় শিল্পকলা চর্চার আন্তর্জাতিক কেন্দ্র
বাড়ী নং ২৪ই, সড়ক নং ১৩ সি
বনানী, ঢাকা-১২১৩।